

### বিজ্ঞপ্তি

ভারতের ITEC বৃত্তির আওতায় ভারতে অনুষ্ঠেয় নিম্নবর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও মাঠ প্রশাসনে কর্মরত আগ্রহী ও যোগ্য সরকারি কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :


ক্রমিক নম্বর	কোর্সের নাম ও মেয়াদ	অর্থায়নকারী দেশ/সংস্থা	সুযোগ সংখ্যা
1.	International Diploma In Educational Planning And Administration (IDEPA-XXXIV) Duration: 01.02.2018 to 30.04.2018	Government of India	০২টি

#### শর্তসমূহ:

- আবেদনকারীর বয়স ৪৫ এর মধ্যে এবং চাকরি স্থায়ী হতে হবে;
- আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
- কোর্সের সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা অবশ্যই থাকতে হবে;
- প্রার্থীকে ইংরেজিতে অবশ্যই পারদর্শী এবং শারীরিক উপযুক্ততা থাকতে হবে;
- Government/Public Sector/University/Chamber of Commerce-এ কর্মরত হতে হবে;
- ইতিপূর্বে যারা ITEC, Colombo Plan এবং Train the Trainer বা Mid-Career Training অথবা ভারত সরকারের অর্থায়নে কোন কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খ্রিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
- আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে <https://itecgoi.in/meaportal/register> Applicant ওয়েব সাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে;
- আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্রের কপি, চিকিৎসা ফরমের হার্ডকপি ও মেশিন রিডেবল অফিসিয়াল বৈধ পাসপোর্টের (কোর্স শুরুর তারিখ হতে ৬ মাস মেয়াদসম্পন্ন) কপিসহ অনলাইনে করা আবেদনের আইডি নাম্বারসহ ৩ সেট আবেদনপত্র এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশসহ চাহিত তথ্যাবলী (সংযুক্ত বাংলা ফরমে) আগামী ৩০/১১/২০১৭ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভবন নং-২, কক্ষ নং-১০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণ করতে হবে;
- বর্ণিত কোর্সে আবেদন ভারতীয় বৃত্তির নিশ্চয়তা প্রদান করে না, প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভারতীয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত;
- অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
ড. আবদুল হামিদ  
যুগ্মসচিব  
ফোন : ৯৫৭৪৪২৬  
[sasft.mopa@gmail.com](mailto:sasft.mopa@gmail.com)

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা (দু.আ. সিনিয়র সহকারী সচিব, বৃত্তি-২ শাখা)।
- ২। অতিরিক্ত সচিব (সিপিটি/প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আবেদনকারী কর্মকর্তার তথ্যাবলী:

১.	নাম :	
২.	পরিচিতি নং (যদি থাকে) :	
৩.	পদবি ও বর্তমান কর্মস্থল :	
৪.	ক্যাডার সার্ভিসের নাম (যদি থাকে) :	
৫.	আবেদনের বিষয় (কোর্সের নাম):	
৬.	জন্ম তারিখ : ও বয়স :	
৭.	চাকরিকাল :	
৮.	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা :	
৯.	ইতঃপূর্বে বিদেশ প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণ করলে তার বিবরণ :	
১০.	মোবাইল নম্বর : ও ই-মেইল এড্রেস :	
১১.	অফিসিয়াল মেশিনল রিডেবল পাসপোর্ট নম্বর : ও মেয়াদ :	

সুপারিশ করা হলো

আবেদনকারী স্বাক্ষর ও সীল

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল